

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(পত্র বিনিময় শাখা)

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ- মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ২(দুই) জন অতিরিক্ত বিচারক-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক হিসেবে নিয়োগের প্রেক্ষিতে তাঁদের শপথ গ্রহণ সংক্রান্ত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৫ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের অতিরিক্ত বিচারক ১। বিচারপতি মোঃ শাহিনুর ইসলাম এবং ২। বিচারপতি কাশেফা হোসেন-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক হিসেবে নিয়োগ প্রদান করেছেন। তাঁদের উক্ত নিয়োগের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ১৯ শ্রাবণ, ১৪২২ বঙ্গাব্দ, ৩ আগস্ট, ২০১৫ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৮.০১১.০১০.২০১২-৮০৩ নম্বর প্রজ্ঞাপন জারি করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪৮ অনুচ্ছেদ অনুযায়ী অদ্য ০৫/৮/২০১৫ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০:৩০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের জাজেস লাউঞ্জে শপথ গ্রহণ করেন।

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিন্হা তাঁদের শপথ পাঠ করান।

আদেশক্রমে,

স্বা/-


(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার।

স্মারক নং - ১৭২১৪(৫) জি,

তারিখঃ ০৫/৮/২০১৫খ্রিঃ

কার্যার্থে কপি বিতরণঃ

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
- ৩। পরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
- ৪। চীফ রিপোর্টার, বাসস, ৬৮/২, পুরানা পল্টন, ঢাকা (সকল প্রিন্টিং এবং ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)।
- ✓ ৫। সিস্টেম এনালিস্ট, আই,টি শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
- ✍ ৬। ইউএনবি কসমস সেন্টার, ৬৯/১, নিউ সার্কুলার রোড, মগবাজার, ঢাকা।



(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬।